

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব এর সাথে এ বিভাগের অনুবিভাগ প্রধান ও আওতাধীন অধিদপ্তর সমূহের মহাপরিচালকগণের সমন্বয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সমন্বয়কর্মকর্তাদের প্রণয়ন, প্রকল্প, অপারেশন প্ল্যান এবং APA যথাসময়ে বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : শেখ ইউসুফ হারুন
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভার স্থান : অফিস কক্ষ

তারিখ : ১৮.০৮.২০১৯ খ্রি:

সময় : সকাল ৯.০০ ঘটিকা

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত অনুবিভাগ প্রধান ও মহাপরিচালকগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত পর্যালোচনা ও বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	APA এর বাস্তবায়ন পর্যালোচনা, আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের APA এর বাস্তবায়ন ও আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	০১। Allied Professional বিষয়ক আইনটি মন্ত্রিপরিষদের বাছাই কমিটি হতে প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মূল কমিটিতে উপস্থাপনের নিমিত্তে প্রেরণ করতে হবে। ০২। আয়ুর্বেদিক আইনটি আন্তঃ মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে চূড়ান্ত করে আগামী ৩০ সেপ্টেম্বর/২০১৯ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ০৩। হোমিওপ্যাথিক আইনটির প্রস্তুতকৃত খসড়া আইন অনুবিভাগে প্রেরণ করতে হবে। আইন অনুবিভাগ আইনটি চূড়ান্ত করে আগামী ৩০ ডিসেম্বর/ ২০১৯ খ্রি, তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন। ০৪। বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের মূল কমিটিতে উপস্থাপনের বিষয়ে নিয়মিত ফলোআপ করতে হবে। ০৫। Accreditation আইনটি আগামী ৩০ আগস্ট, ২০১৯ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ চিকিৎসা শিক্ষা অনুবিভাগ/ উপসচিব (আইন)/ সংশ্লিষ্ট সকল




			<p>০৬। বিভাজিত মন্ত্রণালয়ের বিভাগ সমূহের গত বছরে প্রণীত বার্ষিক প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করে আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে কমিটি এ বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করবে।</p>	
২	বাজেট বাস্তবায়ন	<p>বছরের শুরুতে বাজেট বাস্তবায়ন ত্বরান্বিত না করায় এডিপি শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমান অর্থ বছরে এডিপি শতভাগ বাস্তবায়নের বিষয়ে বছরের শুরু থেকে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>০১। এ বিভাগের উন্নয়ন ও রাজস্ব বাজেট বিভাজন টেবিল আকারে প্রস্তুত করে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও যুগ্মসচিব (বাজেট) বিভাজনের সংশ্লিষ্ট অংশ যাচাই বাছাই পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবেন।</p> <p>০২। ক্রয় ও সংগ্রহ শাখা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বর্তমান অর্থবছরের ক্রয় পরিকল্পনা চূড়ান্ত করবে।</p> <p>০৩। পিপিআর এবং পিপিএ যথাযথ ভাবে অনুসরণ পূর্বক স্বচ্ছতার সাথে গুনগত মান নিশ্চিত করে সকল ক্রয় প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করতে হবে।</p> <p>০৪। রাজস্ব এবং উন্নয়ন উভয় বাজেটের জন্য খাত ভিত্তিক রেজিস্ট্রার চালু করতে হবে। অর্থ খরচ হওয়ার সাথে সাথে উক্ত রেজিস্ট্রারে বিয়োজন করতে হবে।</p> <p>০৫। টেমো কর্তৃক এ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/সংস্থার গাড়ী সমূহ মেরামতের পূর্বে সম্ভাব্য খরচ BRTA অথবা পরিবহন পুলের পরিদর্শকের মাধ্যমে যাচাই করে নেয়া যায় কিনা এবং দৈততা ও অপচয় রোধ করার জন্য এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) টেকনিক্যাল ম্যানেজার (টেমো) এর সাথে আলোচনা করবেন।</p> <p>৬। এ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/সংস্থার পুরনো অকেজো গাড়ির তালিকা প্রণয়ন করে আগামী ৩০ কর্মদিবসের মধ্যে বিধিমোতাবেক পরিবহন পুলে জমা/ নিলামে বিক্রি/ অকেজো ঘোষনা করার ব্যবস্থা নিতে হবে।</p>	<p>প্রশাসন অনুবিভাগ/ উন্নয়ন অনুবিভাগ/ বাজেট অনুবিভাগ/ সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক/ উপপ্রধান</p>

(Handwritten signature)

৩	স্থাপনা পুনঃনির্মাণ ও মেরামত	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের নির্মাণ/মেরামতের বিষয়ে পূর্বের সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়।	<p>০১। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে এ বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের জন্য একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পদ সৃজনের প্রস্তাব আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অর্থ বিভাগে পুনঃ প্রেরণ করতে হবে।</p> <p>০২। ৬৫৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃনির্মাণের ডিপিপি পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এ বিভাগের উন্নয়ন অনুবিভাগের সাথে সমন্বয় করে প্রণয়ন পূর্বক আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।</p> <p>০৩। দুর্ঘম এলাকার কেন্দ্রগুলি পুনঃনির্মাণের কাজ অগ্রাধিকার ভিত্তিতে করতে হবে।</p> <p>০৪। উপকূলীয় এলাকার লবনাক্ততা বিবেচনায় কেন্দ্রগুলি পুনঃনির্মাণের সময় প্লাস্টার এর বিকল্প হিসেবে অটোরিক ব্যবহার করা যায় কিনা ডিপিপি প্রণয়নের সময় সে বিষয়টি বিবেচনায় আনতে হবে।</p> <p>০৫। 'বি' ক্যাটাগরির ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি মেরামত যথাযথভাবে সম্পন্নকরণ ও গুনগত মান নিশ্চিত করণের লক্ষ্যে মেরামতকালীন সময়ে সপ্তাহের শুক্র ও শনিবার উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে তদারকির ব্যবস্থা করতে হবে।</p> <p>০৬। 'বি' ক্যাটাগরি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি মেরামতের প্রাপ্ত তালিকা প্রাথমিক যাচাই-বাছাই এর জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) আগামী সভায় উপস্থাপন করবেন।</p> <p>০৭। অবশিষ্ট কেন্দ্রগুলির তালিকা আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংগ্রহ করতে হবে। ৩০ আগস্টের মধ্যে তালিকা পাওয়া না গেলে উক্ত কেন্দ্র</p>	মহাপরিচালক অতিরিক্ত সচিব (প্রশাসন), অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সংশ্লিষ্ট সকল
---	------------------------------	--	--	---



			<p>সমূহ মেরামতের প্রয়োজন নেই মর্মে চিঠি প্রেরণ করতে হবে।</p> <p>০৮। গত বছর মেরামতকৃত কোন কেন্দ্রের নাম এ বছরের তালিকায় যেন অন্তর্ভুক্ত না হয় তা যাচাই করতে হবে।</p>	
৪	মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি প্রণয়ন	রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ডিপিপি প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	<p>০১। গত Steering Committee এর সভার সংশোধনীসহ রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় দুটির ডিপিপি মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবের সাথে আলোচনাক্রমে Animation সহ Power Point-এ মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবলোকনের জন্য প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।</p> <p>২। সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জমি অধিগ্রহণের প্রাক্কলন এ সপ্তাহের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>৩। সুনামগঞ্জ মেডিকেল কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়ে বিধিমোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪। ভর্তি জটিলতা এড়ানোর নিমিত্ত যে সকল বেসরকারী মেডিকেল কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি নেই সেই সকল মেডিকেল কলেজের তালিকা সংশ্লিষ্টদের সচেতনতার জন্য বিভিন্ন গণমাধ্যমে বিশ্ববিদ্যালয়/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিজ্ঞপ্তি প্রচারের উদ্যোগ নেয়া যায় কিনা তা যাচাই করতে হবে।</p>	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) অনুবিভাগ
৫	‘অলটারনেটিভ মেডিসিন’ (আয়ুর্বেদিক, হোমিওপ্যাথি) সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার জন্য সভা আহ্বান	‘অলটারনেটিভ মেডিসিন’ (আয়ুর্বেদিক, হোমিওপ্যাথি) বিষয়ক সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার জন্য সভা আহ্বানের বিষয়ে সভায় আলোচনা হয়।	<p>০১। অলটারনেটিভ মেডিসিন সংশ্লিষ্ট সমস্যার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে সংশ্লিষ্টদের নিয়ে আগামী ১ (এক) মাসের মধ্যে সভার আয়োজন করতে হবে।</p>	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) অনুবিভাগ



৬	মেডিকেল শিক্ষায় বেসিক বিষয়ের পোস্ট গ্রাজুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা ও চিকিৎসকদের প্রণোদনা ভাতা প্রদান	মেডিকেল শিক্ষায় পোস্ট গ্রাজুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা ও বেসিক বিষয়ের চিকিৎসক এবং Non-practitioner ডাক্তারদের প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	০১। উচ্চ শিক্ষার বিষয়ে বেসিক বিষয়ে আসন সংখ্যা বৃদ্ধির বিষয়ে প্রেষণ নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন আনার বিষয়ে আগামী ১ (এক) মাসের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়ন করতে হবে। ০২। বেসিক বিষয়ের চিকিৎসক এবং Non practitioner ডাক্তারদের প্রণোদনা ভাতা প্রদানের প্রস্তাব আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অর্থ বিভাগে পুনঃপ্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), বাজেট অনুবিভাগ,
৭	শূন্য পদে জনবল নিয়োগ	স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও এর অধিন্ত অধিদপ্তরের জনবল নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়।	১। এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর সমূহের শূন্যপদ পূরণের কার্যক্রম আগামী ১৫(পনের) দিনের মধ্যে শুরু করতে হবে। ২। বাংলাদেশ কর্মকমিশন কর্তৃক পূরণযোগ্য ১ম ও ২য় শ্রেণীর পদসমূহের অধিষাচন পত্র কর্মকমিশনের নির্ধারিত ফরমে আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। ৩। অধিদপ্তর সমূহের অধীনে বিদ্যমান নিয়োগ বিধিতে আয়া পদটির পদবী পরিবর্তনের প্রস্তাব আগামী ১৫(পনের) দিনে মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত এ বিভাগে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মহাপরিচালক (সকল)
৮।	বিবিধ	সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	০১। Sustainable Development Goals (SDG)-র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে এ বিভাগ সংশ্লিষ্ট বিষয়গুলি নিয়ে অতিরিক্ত সচিব (জনসংখ্যা) আগামী ১৫(পনের) দিনের মধ্যে একটি ওয়ার্কসপ আয়োজনের ব্যবস্থা করবেন। ০২। Rules of Business অনুযায়ী এ বিভাগের কার্য পুন: বস্টনের প্রস্তুতকৃত খসড়া প্রস্তাবটির বিষয়ে আগামী সভায় আলোচনা করে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। ০৩। একটি প্রসব বান্ধব ডেলিভারি সেন্টারের জন্য আদর্শ জনবল ও যন্ত্রপাতির তথ্যাদি সংগ্রহ করে ৪৯২ টি	প্রশাসন অনুবিভাগ/ জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ/ উন্নয়ন অনুবিভাগ/ মহাপরিচালক (সকল)/ লাইন ডাইরেক্টর (সকল)


			<p>উপজেলায় ২ টি করে প্রসব বান্ধব সেন্টার দ্রুত চালু করতে হবে।</p> <p>০৪। প্রস্তাবিত প্রসব বান্ধব ডেলিভারি কেন্দ্রগুলিতে অপারেশন সেবা প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক অনুমোদিত কিনা তা যাচাই করতে হবে।</p> <p>০৫। খুলনার দাকোপ ও কয়রা উপজেলা, মাগুরা জেলার শালিকা উপজেলা এবং চাঁদপুর জেলা প্রশাসনের প্রাক্তন কর্মকর্তা কর্তৃক চালুকৃত ইনোভেশন সমূহকে সুসমন্বিত ও সুসংহত করে গর্ভবতী মা-দের সেবা সহজীকরণের অধিক ফলপ্রসূ অ্যাপস তৈরী করা যায় কী না এ বিষয়ে উপসচিব জনাব পারভেজ হাসান ও চাঁদপুর জেলা প্রশাসনের প্রাক্তন কর্মকর্তা, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালকের সাথে সমন্বয় করে উদ্যোগ গ্রহণ করবেন।</p> <p>৬। বিদেশ প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত দেশ/প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন, প্রশিক্ষণসূচি ইত্যাদি মহাপরিচালক এবং লাইন ডাইরেক্টরদের সাথে সভা করে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) আগামী ১(এক) মাসের মধ্যে চূড়ান্ত করবেন।</p>
--	--	--	--

০২। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২০/০৮/২০১৯
(শেখ ইউসুফ হারুন)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ নিপোর্ট
- ২। অনুবিভাগ প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৫। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৭। লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক (সকল), -----
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অফিস কপি



(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
উপসচিব (প্রশাসন-১)